

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)

নথি শাখাঃ প্রশিক্ষণ কেন্দ্র

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), প্রশিক্ষণ কেন্দ্র

নথি নম্বরঃ ৪৬.০৫.০০০০.২২৯.০৮.৭২৭.২৪ নথির বিষয়ঃ “সুশাসন কার্যক্রম ব্যবস্থাপনা সিস্টেম সফটওয়্যার” বিষয়ে প্রশিক্ষণ আয়োজন সংক্রান্ত নথি।

নোটঃ ১ নোটের বিষয়ঃ “সুশাসন কার্যক্রম ব্যবস্থাপনা সিস্টেম সফটওয়্যার” বিষয়ে প্রশিক্ষণ আয়োজন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ৩/৬/২৪ ১১:০১ অপরাহ্ন

বিবেচ্য বিষয়ে জানানো যাচ্ছে যে, রাষ্ট্রীয় প্রতিষ্ঠানসমূহে সুশাসন প্রতিষ্ঠা ও একটি দুর্নীতি বিরোধী সংস্কৃতি গড়ে তোলার লক্ষ্যে ২০১২ সালে সোনার বাংলা গড়ার প্রত্যয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন করা হয়। ২০২১-২২ অর্থবছর থেকে সমন্বিত এপিএ কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। সমন্বিত এপিএ কার্যক্রমের আওতায় সুশাসন সংক্রান্ত ৫ টি কর্মপরিকল্পনা যথা শুদ্ধাচার, সিটিজেন চার্টার, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, তথ্য অধিকার এবং উদ্ভাবন কর্মপরিকল্পনা রয়েছে। এসকল কর্মপরিকল্পনা সহজে এবং নির্ধারিত সময়ের মধ্যে দাখিল এবং কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রমাণকসমূহ দাখিল প্রক্রিয়াকে সহজসাধ্য করার জন্য সরকারিভাবে “সুশাসন কার্যক্রম ব্যবস্থাপনা সিস্টেম সফটওয়্যার” প্রস্তুত করা হয়েছে। সফটওয়্যারটি ব্যবহার করে শুদ্ধাচার, সিটিজেন চার্টার, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, তথ্য অধিকার এবং ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ত্রৈমাসিক এবং বাৎসরিক রিপোর্ট প্রমাণক সহ “সুশাসন কার্যক্রম ব্যবস্থাপনা সিস্টেম” সফটওয়্যারে নির্ধারিত সময়ে আপলোড করার বাধ্যবাধকতা রয়েছে। সফটওয়্যারটি নতুন হওয়ায় এপিএ কার্যক্রম বাস্তবায়ন এর সাথে সংশ্লিষ্ট বিভিন্ন কমিটির সদস্যবৃন্দের সফটওয়্যারটির উপর হাতে কলমে প্রশিক্ষণ আয়োজন করা আবশ্যিক। তদপ্রেক্ষিতে আগামী ২৭/০৬/২০২৪ তারিখে অথবা সুবিধাজনক সময়ে সকাল ০৯.০০ হতে দুপুর ০১.০০ পর্যন্ত সময়ে উক্ত বিষয়ে ১টি প্রশিক্ষণ আয়োজন করা যেতে পারে। উক্ত প্রশিক্ষণে “সুশাসন কার্যক্রম ব্যবস্থাপনা সিস্টেম সফটওয়্যার” বিষয়ে এক্সপার্ট, আইসিটি ডিভিশন, স্থানীয় সরকার বিভাগ এর প্রোগামার জনাব মোঃ শফিকুল ইসলামকে বক্তা হিসেবে আমন্ত্রণ জানানো হবে। উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য জনাব মোঃ ওয়াহিদুল ইসলাম মুরাদ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, ঢাকা এনভায়রনমেন্টালি সাসটেইনএবল ওয়াটার সাপ্লাই প্রজেক্টে ও আহবায়ক, ই-গভর্ন্যান্স ও ইনোভেশন টিম, ঢাকা ওয়াসা কর্তৃক প্রস্তাবকৃত ২০ (বিশ) জন অংশগ্রহণকারীর তালিকা এবং প্রস্তুতকৃত খসড়া কর্মসূচী সদয় হয়ে দেখা যেতে পারে।

সংযুক্তিসমূহ (৩):

১। ২০ (বিশ) জন অংশগ্রহণকারীর তালিকা.pdf

২। Program_.pdf

৩। Note from Innovation team.pdf

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ৩/৬/২৪ ১১:০২ অপরাহ্ন

উক্ত প্রশিক্ষণ আয়োজনের সম্ভাব্য ব্যয় নিম্নরূপঃ

(ক) বক্তার সম্মানী	৫,০০০/-	২ সেশন ২৫০০/- টাকা হারে
(খ) প্রশিক্ষণার্থীদের ভাতা	৬,০০০/-	২০ জন অর্ধ-দিবস ৩০০/- টাকা হারে
(গ) দুপুরের খাবার ও চা-নাস্তা	১৫,৪০০/-	বক্তা ও সাপোর্টিং স্টাফসহ ২৮ জন ৫৫০/- টাকা হারে
(ঘ) পানি	৮১০/-	আধা লিটার ৬ কেস ১৩৫/- টাকা হারে
(ঙ) সেমিনার ফোল্ডার, নোটবুক ও কলম	৭,০০০/-	২০ সেট ৩৫০/- টাকা হারে
(চ) প্রশিক্ষণ মডিউল ফটোকপি ও বিবিধ	৪,০০০/-	আনুমানিক লাম্পসাম

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

সর্বমোট	=৩৮,২১০/-	(কথায়: টাকা আটত্রিশ হাজার দুইশত দশ মাত্র)
---------	-----------	--

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ৩/৬/২৪ ১১:০৩ অপরাহ্ন

এমতাবস্থায়, উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য সংযুক্ত তালিকায় উল্লিখিত ২০ (বিশ) জন কর্মকর্তার মনোনয়ন, “সুশাসন কার্যক্রম ব্যবস্থাপনা সিস্টেম সফটওয়্যার”-শীর্ষক প্রশিক্ষণের কর্মসূচী এবং প্রশিক্ষণ আয়োজনে প্রয়োজনীয় ব্যয় নির্বাহের নিমিত্তে প্রশিক্ষণ খাতের বরাদ্দ হতে সর্বমোট টাকা=৩৮,২১০/- (আটত্রিশ হাজার দুইশত দশ মাত্র) ব্যয়ের এবং ক্ষেত্রমতে প্রযোজ্য ভ্যাট টাকা ওয়াসা হতে বহন করার অনুমোদনসহ উক্ত পরিমাণ টাকা প্রধান প্রশিক্ষণ কর্মকর্তার অনুকূলে অস্থায়ী অগ্রীম হিসেবে প্রদানের সদয় অনুমোদন দেয়া যেতে পারে। প্রস্তাবিত বাজেটে উল্লিখিত ব্যয়ের চাইতে খাতওয়ারী প্রকৃত ব্যয় কম/বেশী হতে পারে। তবে মোট প্রকৃত ব্যয় অনুমোদিত ব্যয়ের মধ্যে সীমাবদ্ধ থাকবে। প্রশিক্ষণ সমাপ্তির পর সমুদয় ব্যয়ের অর্থ প্রকৃত ভাউচারের মাধ্যমে হিসাব বিভাগে সমন্বয় করা হবে।

সদয় অনুমোদনের জন্য পেশ করা হ'ল।

৪/৬/২৪ ৫:১০ পূর্বাহ্ন
মোঃ ওয়াজ্জ উদ্দীন
উপ-প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা
(কারকিলাম ও মূল্যায়ন)
প্রশিক্ষণ কেন্দ্র

৪/৬/২৪ ১২:১৭ অপরাহ্ন
এ এম মোস্তফা তারেক
প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা (চলতি
দায়িত্ব)
প্রশিক্ষণ কেন্দ্র

৫/৬/২৪ ৯:১৭ পূর্বাহ্ন
মোঃ আক্তারুজ্জামান
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(মানবসম্পদ ও প্রশাসন)
(অতিরিক্ত দায়িত্ব)
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(মানবসম্পদ ও প্রশাসন) এর দপ্তর

৫/৬/২৪ ৯:১৭ পূর্বাহ্ন
প্রকৌশলী তাকসিম এ খান
ব্যবস্থাপনা পরিচালক
ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর

অনুচ্ছেদ ১.৩ - তারিখ: ২৯/৬/২৪ ৩:৪৫ অপরাহ্ন

Okay

২৯/৬/২৪ ৩:৪৫ অপরাহ্ন
প্রকৌশলী তাকসিম এ খান
ব্যবস্থাপনা পরিচালক
ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর

২৯/৬/২৪ ৪:৫৯ অপরাহ্ন
এ এম মোস্তফা তারেক
প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা (চলতি
দায়িত্ব)
প্রশিক্ষণ কেন্দ্র

২৯/৬/২৪ ৫:৫৩ অপরাহ্ন
মোঃ ওয়াজ্জ উদ্দীন
উপ-প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা
(কারকিলাম ও মূল্যায়ন)
প্রশিক্ষণ কেন্দ্র

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা